গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট

এবং

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯

জুলাই ১, ২০১৮– জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

প্রস্তাবনা

সেকশন ১:বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেটের রূপকল্প (Vision),অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলী

সেকশন ২:বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেটের কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্য মাত্রাসমূহ (Outcome/Impact)

**সংযোজনী ১: শব্দসংক্ষেপ**(Acronyms)

**সংযোজনী ২** : কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩ : **কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্যা কার্যালয়ের নিকট সুনিদিষ্ট চাহিদাসমূহ।**

# উপক্রমণিকা

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট

এবং

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

এর মধ্যে ২০১৮ সালের ...জুন.....মাসের ...২০......তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলো :

# বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Divisional Primary Education Office, Sylhet)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

প্রাথমিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে বর্তমান সরকার সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।শিক্ষক:শিক্ষার্থী এবং শিক্ষার্থী:শ্রেণিকক্ষের অনুপাত হ্রাসকরণের লক্ষ্যে এ বিভাগে নতুন শিক্ষকের পদসৃষ্টিসহ ৪৭৩৬ জন শিক্ষককে নিয়োগ প্রদান করা হয়েছে। নতুন করে সহকারী শিক্ষক নিয়োগের কার্যক্রম চলমান আছে। প্রধান শিক্ষক এর শূণ্য পদ পূরনের জন্য চলতি দায়িত্ব প্রদানের কার্যক্রমও চলমান রয়েছে। শতভাগ ভর্তি নিশ্চিত করার লক্ষ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষা চালু করা হয়েছে। বাস্তব চাহিদার আলোকে প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১টি করে মোট ৭৩৪ টি দপ্তরি কাম প্রহরী পদ সৃজন করা হয়েছে। বিদ্যালয় পর্যায়ে শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ১৮৮৭ টি নলকূপ স্থাপনসহ ১২৪০ টি ওয়াশব্লক নির্মাণ করা হয়েছে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে সকল শিক্ষার্থীর মধ্যে ২০১৬ থেকে ২০১৮ সাল পর্যন্ত বিনামূল্যের মোট ২২০২৭১৭৬ টি বই বিতরণ করা হয়েছে। তাছাড়া, ঝরেপড়া রোধসহ প্রাথমিক শিক্ষা সমাপনের লক্ষ্যে দরিদ্র পরিবারের শিক্ষা সহায়তা কার্যক্রমের আওতায় ২৬০৪৮৯৪ জন শিক্ষার্থীকে উপবৃত্তি এবং ২২৮৬৩৩ জন শিক্ষার্থীকে স্কুল ফিডিং এর আওতায় আনা হয়েছে। ৫০২৪টি প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিল গঠন করা হয়েছে। ৮০ টি প্রাথমিক বিদ্যালয়ে 'শিখবে প্রতিটি শিশু' (ইসিএল) এর কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। তাছাড়া, ৫০২৪ টি প্রাথমিক বিদ্যালয়ের সবকটিতে শিক্ষার্থীদের জন্য মিড-ডে মিল চালু করা হয়েছে। বিদ্যালয় ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে ৫০২৪ টি প্রাথমিক বিদ্যালয়ে 'স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP)বাস্তবায়নের জন্য বিদ্যালয় প্রতি বাৎসরিক বরাদ্দ প্রদান করা হচ্ছে। ২০০৯ সাল থেকে নিয়মিতভাবে প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। ২০১০ সাল হতে বঙ্গবন্ধু ও ২০১১ সাল হতে বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট পরিচালিত হয়ে আসছে। একই সাথে বিভাগের সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে নিয়মিতভাবে আন্ত:প্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে।

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:

সিলেট বিভাগের প্রাথমিক শিক্ষার প্রধান প্রধান সমস্যা ও চ্যালেঞ্জসমূহ হচ্ছে :- শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর শূন্য পদ পূরণ এবং নতুন ভবন/শ্রেণিকক্ষ নির্মাণ ও সংস্কারের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থী এবং শ্রেণিকক্ষ-শিক্ষার্থীর কাঙ্খিত অনুপাত অর্জন নিশ্চিত করা। শিক্ষকগনের শ্রেণিকক্ষে গতানুগতিক পাঠদানের প্রবণতা পরিহার করে পদ্ধতি মাফিক পাঠদানে অভ্যস্ত করা। হত দরিদ্র পরিবারের শিশুদেরকে বিদ্যালয়ের পরিবর্তে শ্রমঘন কর্মসংস্থানে প্রেরণ নিরুৎসাহিত করা। শিক্ষার গুণগতমান বৃদ্ধি এবং সমতাভিত্তিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করা। জাতীয় শিক্ষানীতির ভিত্তিতে ৮ম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করা।

### ভবিষ্যৎ পরিকল্পনা:

সকল শিক্ষার্থীর ছবিসহ আইডি কার্ড ও ডাটাবেজ প্রণয়নসহ প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা এবং অবকাঠামো নির্মাণ নিশ্চিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হবে। ই-প্রাইমারী স্কুল সিস্টেম ও ই-মনিটরিং নিশ্চিত করার জন্য ব্যবস্থা নেওয়া হবে। ঝরে পড়া ও স্কুল বহির্ভূত শিশুদের বিদ্যালয়ে আনয়ন এবং তাদের প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের জন্য সম্ভাব্য সকল উদ্যোগ গ্রহণ করা হবে। সকল শিশুর জন্য সমতাভিত্তিক মানসন্মত শিক্ষা নিশ্চিত করার জন্য সরকারের গৃহীত পদক্ষেপ বাস্তবায়নের পাশাপাশি স্থানীয় পর্যায়ে উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ করা হবে। প্রাথমকি বিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য মিড ডে মিল কর্মসূচির সাথে স্থানীয় কমিউনিটি আরো বেশী সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করা হবে।

### ২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- সর্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য শ্রেণিকক্ষ ,নলকূপ স্থাপন এবং ওয়াশব্লক নির্মাণ;
- নির্ধারিত সময়ে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যের বই বিতরণ;
- প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার;
- কনটেন্টভিত্তিক পাঠদানের জন্য শ্রেণি কক্ষে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া স্থাপন;
- আইসিটি ভিত্তিক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন;
- দরিদ্র শিক্ষার্থীদের উপবৃত্তি ও স্কুল ফিডিং এর আওতায় আনয়ন ;
- বিভাগের সকল বিদ্যালয়ে চলমান মিড ডে মিল নিয়মিত চালু রাখা।
- বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন;
- ই মনিটরিং এর আওতায়-পরিদর্শন কার্যক্রম ফলপ্রসূ ও জোরদার করা।

সেকশন ১:

## বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেটের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission),কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প (Vision)

সিলেট বিভাগের সকল শিশুর জন্য সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা।

### ১.২ অভিলক্ষ (Mission)

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগতমান উন্নয়নের মাধ্যমে সকল শিশুর জন্য সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives):

#### ১.৩.১ বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর কৌশলগত উদ্দেশ্যসমূহ

১) সার্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ;
২) মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;
৩) প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন (বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা)।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১) দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত;

২) দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;

৩) কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;

৪) কর্ম পরিবেশ উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি:(Functions)

১. প্রাথমিক শিক্ষা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়ন;
২. প্রাথমিক শিক্ষাস্তরের শিক্ষাক্রম পরিমার্জনে সহায়তাকরণ;
৩. প্রাথমিক শিক্ষাসংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রমে নেতৃত্ব প্রদান;
৪. বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন নিশ্চিতকরণ;
৫. কাঙ্খিত শিখনফল অর্জন।

## চূড়ান্ত ফলাফল/প্রভাব(Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact ) | কর্মসম্পাদনসূচকসমূহ (Performance Indicator) | একক (Uni t ) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিতলক্ষ্যমাত্রাঅর্জনেরক্ষেত্রেযৌথভাবেদায়িত্বপ্রাপ্তমন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহেরনাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| মোট শিশু ভর্তির হার | মোট শিশু ভর্তি (গ্রস) | % | ১০৮.১৯ | ১০৫.৬৮ | ১০৫ | ১০৩ | ১০৩ | বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট |
| প্রকৃত শিশু ভর্তির হার | প্রকৃত শিশু ভর্তি (নিট) | % | ৯৯.১০ | ৯৯.১৫ | ৯৯.২০ | ৯৯.৩০ | ৯৯.৪০ | বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট |
| উপস্থিতির হার | উপস্থিতি | % | ৮৮ | ৮৮.৫০ | ৮৮.৭৫ | ৮৯ | ৯০ | বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট |
| প্রাথমিক শিক্ষা সমাপনীপরীক্ষায় পাশের হার | প্রাথমিক শিক্ষা সমাপনীপরীক্ষায় পাশ | % | ৯৭.০০ | ৯১.৯১ | ৯৫.৩৩ | ৯৬ | ৯৭ | বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট |
| ছাত্র-শিক্ষক অনুপাত | ছাত্র শিক্ষক অনুপাত | অনুপাত | ৫০:১ | ৪৬:১ | ৪২:১ | ৪০:১ | ৪০:১ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর. বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট |

# সেকশন ২
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight ofPerformance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 201৮-1৯) | | | | | প্রক্ষেপন ) Projectio (n২০১৯-২০ | প্রক্ষেপন ) Projectio (n ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলাত মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **মন্ত্রণালয়/ বিভাগেরকৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১]সর্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ | ৫৯ | [১.১] শ্রেণিকক্ষ নির্মাণ | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ | সংখ্যা | ৬.০০ | ৫০০ | ৫০৮ | ৬৪৫ | ৬০০ | ৫৫০ | ৫০৮ | ৪৫০ | ৬৫০ | ৬৬০ |
| | | [১.২] নলকূপ স্থাপন | [১.২.১] স্থাপিত নলকূপ | সংখ্যা | ৫.০০ | ৯৫৩ | ৩২৫ | ৩৭০ | ৩৫০ | ৩৩৫ | ৩২৫ | ৩১০ | ৩৭৫ | ৩৮০ |
| | | [১.৩] শিক্ষার্থী ও শিক্ষকদের জন্যওয়াশব্লক নির্মাণ | [১.৩.১] নির্মিত ওয়াশব্লক | সংখ্যা | ৫.০০ | ২৭৫ | ২৭৬ | ৩০৩ | ২৯০ | ২৮০ | ২৭৬ | ২৫০ | ৩০৫ | ৩১০ |
| | | [১.৪]উপযুক্ত শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি কার্যক্রম | [১.৪.১] উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | % | ৫.০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [১.৫] দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | [১.৫.১] উপকার ভোগী শিক্ষার্থী | সংখ্যা (হাজার) | ৫.০০ | ৫৮ | ৬০ | ৯৯ | ৯৭ | ৯৫ | ৯৩ | ৯১ | ৯৯ | ৯৯ |
| | | [১.৬] নির্ধারিত সময়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ | [১.৬.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | তারিখ | ৫.০০ | ০১.০১.১৭ | ০১.০১.১৮ | ০১.০১.১৯ | ১০.০১.১৯ | ২০.০১.১৯ | ৩০.০১.১৯ | ১০.০২.১৯ | ০১.০১.২০ | ০১.০১.২১ |
| | | [১.৭]বিদ্যালয়ের | [১.৭.১] | সংখ্যা | ৫.০০ | ১৯৪৫ | ১৫০১ | ১৬০০ | ১৫৭৫ | ১৫৫০ | ১৫০০ | ১৪৫০ | ১৬৫০ | ১৬৭০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight ofPerformance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | রুটিন মেরামত ও রক্ষণাবেক্ষণ | মেরামতকৃত বিদ্যালয় | | | | | | | | | | | |
| | | [১.৮] ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান (রস্ক) | [১.৮.১] উপকার ভোগী শিক্ষার্থী | সংখ্যা | ৩.০০ | ১১৫৬০ | ২৮৪৫০ | ২৯৮৬০ | ২৯৫০০ | ২৯০০০ | ২৮৪৫০ | ২৮০০০ | ৩০০০০ | ৩০৫০০ |
| | | [১.৯] মিড-ডে মিল চালুকরণ | [১.৯.১] স্থানীয় উদ্যোগে বিদ্যালয়ে মিড-ডে মিল চালুকরণ | বিদ্যালয় সংখ্যা | ৩.০০ | ৩৯৬ | ৫০২৪ | ৫০২৪ | ৫০২০ | ৫০১৫ | ৫০১০ | ৫০০০ | ৫০৩৪ | ৫০৩৬ |
| | | [১.১০] বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট | [১.১০.১] অংশগ্রহণকারী বিদ্যালয় | বিদ্যালয় সংখ্যা | ৫.০ | ৪৯৫৩ | ৪৯৯৩ | ৫০২৪ | ৫০১০ | ৫০০০ | ৪৯৯৩ | ৪৯৮০ | ৫০৩৪ | ৫০৩৬ |
| | | [১.১১] আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | [১.১১.১] অংশগ্রহণকরী বিদ্যালয় সংখ্যা | বিদ্যালয় সংখ্যা | ৪.০ | ৪৯৫৩ | ৪৯৯৩ | ৫০২৪ | ৫০১০ | ৫০০০ | ৪৯৯৩ | ৪৯৮০ | ৫০৩৪ | ৫০৩৬ |
| | | [১.১২] আন্তঃ পিটিআই ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | [১.১২.১] অংশগ্রহণকারী পিটিআই সংখ্যা | পিটিআই সংখ্যা | ৪.০ | ০৪ | ০৪ | ০৪ | ০৩ | ০২ | ০১ | -- | ০৪ | ০৪ |
| | | [১.১৩] সামাজিক উদ্বুদ্ধকরণ | [১.১৩.১] মা সমাবেশ/ অভিভাবক সমাবেশ | সংখ্যা | ৪.০০ | ২০৩১০ | ১৫৫৫৪ | ১৬৮৮৯ | ১৬৩০০ | ১৬০০০ | ১৫৫৫৪ | ১৫০০০ | ১৮০০০ | ১৮৫০০ |
| [২]মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ | ১৬ | [২.১] ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা | [২.১.১] নির্ধারিত | তারিখ | ৫.০০ | ৩১.১২.১৬ | ৩১.১২.১৭ | ৩১.১২.১৮ | ০৫.০১.১৯ | ১০.০১.১৯ | ১৫.০১.১৯ | ২০.০১.১৯ | ৩১.১২.১৯ | ৩১.১২.২০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight ofPerformance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection২০১৯-২০) | প্রক্ষেপণ (Projection ২০২০-২১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | গ্রহণ | তারিখে পরীক্ষা সম্পন্ন | | | | | | | | | | | |
| | | [২.২] শিক্ষকদের সি-ইন-এড এবং ডিপইনএড প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ৪.০০ | ৭২০ | ৬৯৭ | ৭১০ | ৭০৫ | ৭০০ | ৬৯৭ | ৬৯০ | ৭৫০ | ৮০০ |
| | | [২.৩] প্রমাপ অনুযায়ী পরিদর্শন | [২.৩.১] বিদ্যালয়/দপ্তর পরিদর্শন | সংখ্যা | ৪.০০ | ১৫২২৬ | ১৬৭৫০ | ১৬৮২৪ | ১৬৮০০ | ১৬৭৮০ | ১৬৭৫০ | ১৬৫০০ | ১৬৯০০ | ১৭০০০ |
| | | [২.৪] শিক্ষকদের দক্ষতার উন্নয়ন | [২.৪.১] বিষয়ভিত্তিক প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ৩.০০ | --- | ১২৭৬২ | ৮৭০০ | ৮০০০ | ৭৫০০ | ৭০০০ | ৬৫০০ | ৮০০০ | ৮৫০০ |
| প্রাথমিক শিক্ষা [৩] ব্যবস্থাপনা উন্নয়ন | ৫ | [৩.১]ব্যবস্থাপনা বিকেন্দ্রিকরণের লক্ষ্যে স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান বাস্তবায়ন (SLI P) | স্লিপ [১.১.৩] ফান্ড প্রাপ্ত বিদ্যালয় | সংখ্যা | ৩.০০ | ৪৮৩০ | ৩৮৬৩ | ৪৯৫৬ | ৪৫১০ | ৪০০০ | ৩৮৬৩ | ৩৮৫০ | ৫০৩৪ | ৫০৩৬ |
| | | [৩.২] বিদ্যালয় ব্যবস্থাপনায় এসএমসি'র অংশগ্রহণ | [৩.২.১] এসএমসির'র সভা অনুষ্ঠান | সংখ্যা | ২.০০ | ৫০০০০ | ৫৬৮৫৮ | ৫৯১৯৬ | ৫৮০০০ | ৫৭০০০ | ৫৬৮৫৮ | ৫৬০০০ | ৬০০০০ | ৬০২৮৮ |

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই ২০১৮ | ২৯ জুলাই ২০১৮ | ৩০ জুলাই ২০১৮ | ৩১ জুলাই ২০১৮ | ০১ আগস্ট ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি ২০১৯ | ১৬ জানুয়ারি ২০১৯ | ১৭ জানুয়ারি ২০১৯ | ২০ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | -- | -- | -- | -- |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পন্নকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (স্লিপ) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ /ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ৭ জানুয়ারি ২০১৯ | ১৪ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ | ২৮ জানুয়ারি ২০১৯ |
| | | সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ডিসেম্বর ২০১৮ | ১৫ জানুয়ারি ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | -- | -- |
| আর্থিক ও সম্পদ | ৫ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ব্যবস্থাপনার উন্নয়ন | | উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অবস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ মার্চ ২০১৯ | ১৫ এপ্রিল ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগদকৃত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ মার্চ ২০১৯ | ১৫ এপ্রিল ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কমসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কমসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কমপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কমপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়নীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | -- | - | - |
| | | নিধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নিধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | -- | -- | -- |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকরণকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | -- | -- |

আমি বিভাগীয় উপপরিচালক,প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট কার্যালয়কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ

২০.০৬.২০১৮
তারিখ

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

২০/০৬/২০১৮
তারিখ

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ
## (Acronyms)

| ক্রমিক নম্বর | আদ্যক্ষর | বর্ণনা |
|---|---|---|
| ১ | প্রাগম | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ২ | প্রাশিঅ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ৩ | নেপ | ন্যাশনাল একাডেমী ফর প্রাইমারি এডুকেশন |
| ৪ | বিএনএফই | ব্যুরো অব নন-ফরমাল এডুকেশন |
| ৫ | এডিপি | এ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৬ | এলজিইডি | লোকাল গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ৭ | ডিপিএইচই | ডিপার্টমেন্ট অব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং |
| ৮ | এনসিটিবি | ন্যাশনাল কারিকুলাম এ্যান্ড টেক্সট বুক বোর্ড |
| ৯ | আইইআর | ইনস্টিটিউট অব এডুকেশন এ্যান্ড রিসার্চ |
| ১০ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্টাটিসটিকস |
| ১১ | রস্ক | রিচিং আউট অব স্কুল চিলড্রেন প্রকল্প |
| ১২ | পিইসিই | প্রাইমারি এডুকেশন কমপ্লিশন এক্সামিনেশন |
| ১৩ | ডিপ-ইন-এড | ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন |
| ১৪ | এপিএসসি | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস |
| ১৫ | পিটিআই | প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট |
| ১৬ | স্লিপ | স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] শ্রেণিকক্ষ নির্মাণ | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ | জরাজীর্ণ এবং জনাকীর্ণ বিদ্যালয় গুলিতে ৫০ জন শিক্ষার্থীকে একসঙ্গে পাঠদান করানো যায় এমন শ্রেণিকক্ষ নির্মাণ। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ২ | [১.২] নলকূপ স্থাপন | [১.২.১] স্থাপিত নলকূপ | প্রকৃত চাহিদার ভিত্তিতে বিশুদ্ধ এবং আর্সেনিকমুক্ত খাবার পানি সরবরাহের লক্ষ্যে গভীর/অগভীর এবং তারা পাম্প স্থাপন | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, ঢাকা এর বার্ষিক প্রতিবেদন, সিলেট | |
| ৩ | [১.৩] শিক্ষার্থী ও শিক্ষকদের জন্যওয়াশব্লক নির্মাণ | [১.৩.১] নির্মিত ওয়াশব্লক | পিইডিপি ৩ এর আওতায় ৩টি টয়লেট, ২টি প্রশ্রাবখানা এবং হাত-পা ধোয়ার সুবিধা সংবলিত ওয়াশব্লক নির্মাণ। উল্লেখ্য প্রতি বিদ্যালয়ে ২টি ওয়াশব্লক (একটি ছাত্র ও পুরুষ শিক্ষকদের জন্য এবং অপরটি ছাত্রী ও মহিলা শিক্ষকদের জন্য) থাকবে। | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ৪ | [১.৪] শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি কার্যক্রম | [১.৪.১] উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝরে পড়ার হার কমানোর লক্ষ্যে উপবৃত্তি প্রদান প্রকল্পের আওতায় উপযুক্ত পরিবারের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি প্রদান। | প্রকল্প পরিচালক<br>উপবৃত্তি প্রদান প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ৫ | [১.৫] দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | [১.৫.১] উপকার ভোগী শিক্ষার্থী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝড়ে পরার হার কমানোর লক্ষ্যে প্রতি শিক্ষার্থীকে উচ্চ পুষ্টিমান সম্পন্ন ৭৫ গ্রাম বিস্কুট প্রদান। | প্রকল্প পরিচালক, স্কুল ফিডিং প্রোগ্রাম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়,সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ৬ | [১.৬]নির্ধারিত সময়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | [১.৬.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | প্রতিবছর ১ জানুয়ারির মধ্যে ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত প্রতি শিক্ষার্থীর হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ৭ | [১.৭]বিদ্যালয়ের রুটিন মেরামত ও রক্ষণাবেক্ষণ | [১.৭.১]<br>মেরামতকৃত বিদ্যালয় | পিইডিপি-৩ এর আওতায় চাহিদা মোতাবেক বড়/ছোট ধরনের মেরামত ও সংস্কার। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়,সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ৮ | [১.৮]সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি চালুকরণ। | [১.৮.১] আওতাভুক্ত বিদ্যালয় | দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে ৫ বছর বয়সী শিশুদের কে প্রাক-প্রাথমিক শ্রেণিতে ভর্তি করা ও বছরব্যাপী শিক্ষা কার্যক্রম। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ৯ | [১.৯] ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান (রস্ক)। | [১.৯.১] উপকার ভোগী শিক্ষার্থী | প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য, নতুন জাতীয়করণকৃত বিদ্যালয়সমূহের জন্য এবং পেনশন জনিত কারনে শূন্য হওয়া সহকারী শিক্ষক পদের নিয়োগ প্রদান কার্যক্রম। | প্রকল্প পরিচালক (রস্ক), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, চট্টগ্রাম | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ১০ | [১.১০] মিড-ডে মিল চালুকরণ | [১.১০.১] স্থানীয় উদ্যোগে বিদ্যালয়ে মিড-ডে মিল | শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় উদ্যোগে দুপুরের খাবারের ব্যবস্থা করা | বিদ্যালয়ের এসএমসি, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ, স্থানীয় শিক্ষা বিভাগের | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয় , সিলেট এর বার্ষিক | |

| নম্বর | | | | | উপাত্তসূত্র | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | চালুকরণ | | সহযোগিতায় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | প্রতিবেদন | |
| ১১ | [১.১১] বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট | [১.১১.১] অংশগ্রহণকারী বিদ্যালয় | শিক্ষার্থীদের (ছেলে ও মেয়ে) ফুটবল খেলায় উৎসাহিত করা | প্রাথমিক শিক্ষা বিভাগ ও স্থানীয় প্রশাসনের সহযোগিতায় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ১২ | [১.১২] আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | [১.১২.১] অংশগ্রহণকারী বিদ্যালয় সংখ্যা | শিক্ষার্থীদের খেলাধূলা ও সাংস্কৃতিক কর্মকান্ডে উৎসাহিত করা | প্রাথমিক শিক্ষা বিভাগ ও স্থানীয় প্রশাসনের সহযোগিতায় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ১৩ | [১.১৩] আন্তঃ পিটিআই ক্রীড়া ও সংস্কৃতিক প্রতিযোগিতা | [১.১৩.১] অংশগ্রহণকারী পিটিআই সংখ্যা | প্রশিক্ষণার্থীদের খেলাধূলা ও সাংস্কৃতিক কর্মকান্ডে উৎসাহিত করা | পিটিআই এর সহযোগিতায় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ১৪ | [১.১৪] সামাজিক উদ্বুদ্ধকরণ | [১.১৪.১] মা সমাবেশ/ অভিভাবক সমাবেশ | প্রাথমিক শিক্ষায় মা/অভিভাবকদের সম্পৃক্ত করার লক্ষ্যে সমাবেশ করা | বিদ্যালয়ে এসএমসি, স্থানীয় প্রাথমিক শিক্ষা বিভাগের সহযোগিতায় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ১৫ | [২.১] ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা গ্রহণ। | [২.১.১] উত্তীর্ণ শিক্ষার্থী | প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের শিক্ষার মানে সমতা আনয়নের উদ্দেশ্যে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা (PECE)প্রবর্তন। প্রতিবছর নভেম্বরের শেষের দিকে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ১৬ | [২.২]শিক্ষকগনের প্রমাপ অনুযায়ী হোম ভিজিট | [২.২.১] হোমভিজিটের সংখ্যা | শিক্ষার্থীদের উপস্থিতি নিয়মিত রাখতে শিক্ষকগণ প্রত্যেকে প্রতিমাসে ১টি করে অনুপস্থিত শিক্ষার্থীর বাড়িতে হোমভিজিট করবেন। | বিদ্যালয়, উপজেলা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ১৭ | [২.৩] শিক্ষকদের সি-ইন-এড এবং ডিপইনএড প্রশিক্ষণ প্রদান। | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | প্রতিটি পিটিআই এ ২০০ জন হিসাবে প্রতিটি পিটিআই এ শিক্ষকদের সি-ইন-এড/ডিপ-ইন-এড ১২/১৮ মাস মেয়াদী প্রশিক্ষন প্রদান | পিটিআইয়ের সহযোগিতায় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ১৮ | [২.৪] প্রমাপ অনুযায়ী পরিদর্শন | [২.৪.১] বিদ্যালয়/দপ্তর পরিদর্শন | মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রমাপ অনুযায়ী পরিদর্শন করা | মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সহযোগিতায় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ১৯ | [২.৫] শিক্ষকদের দক্ষতার উন্নয়ন | [২.৫.১] বিষয়ভিত্তিক প্রশিক্ষণ | শিক্ষকদের বিষয়ভিত্তিক পাঠদানের দক্ষতা অর্জনের লক্ষ্যে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপজেলা রিসোর্স সেন্টারের সহযোগিতায় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট এর বার্ষিক প্রতিবেদন | |
| ২০ | [৩.১] স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান বাস্তবায়ন (SLIP) | স্লিপ ফান্ড প্রাপ্ত [১.১.৩] বিদ্যালয় | প্রতিবছর বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য প্রতিটি বিদ্যালয়কে স্লিপ ফান্ডের মাধ্যমে ৩০ হাজার টাকা প্রদান। | SLIP কমিটি, উপজেলা শিক্ষা অফিস, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর সহযোগিতায় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন, সিলেট | |
| ২১ | [৩.২] বিদ্যালয় ব্যবস্থাপনায় এসএমসি'র অংশগ্রহণ | [৩.২.১] এসএমসির'র সভা অনুষ্ঠান | প্রতি মাসে কমপক্ষে একটি করে এসএসসি'র সভা করা। | বিদ্যালয়ের এসএমসি'র সহযোগিতায় বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, সিলেট | উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন,সিলেট | |



~w

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অধিদপ্তর | এলজিইডি | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও নির্মাণ কাজ পর্যবেক্ষণ | মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তালিকা মন্ত্রণালয় অনুমোদন করা হয়। নির্মাণ সংক্রান্ত সকল কাজ (টেন্ডার আহবান হতে বিল প্রদান) এলজিইডি কর্তৃক করা হয়। | শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম জোরদার, বিদ্যালয়ে পাঠদান পরিবেশ নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| অধিদপ্তর | ডিপিএইচই | [১.২.১] স্থাপিত নলকূপ<br>[১.৩.১]নির্মিত ওয়াশব্লক | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও নির্মাণ কাজ পর্যবেক্ষণ | মন্ত্রণালয় থেকে কেবল তালিকা অনুমোদন করা হয়। নির্মাণ সংক্রান্ত সকল কাজ (টেন্ডার আহবান, বিল প্রদানসহ) ডিপিএইচই কর্তৃক করা হয়। | সুপেয় পানি ও স্যানিটেশন নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| বোর্ড | এনসিটিবি | [১.৬.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | নির্ধারিত সময়ের মধ্যে পাঠ্যপুস্তক মুদ্রন ও সরবরাহ। | বই মুদ্রণের জন্য টেন্ডার থেকে আহবান, বিল প্রদান ইত্যাদি কাজ এনসিটিবি কর্তৃক করা হয়। | নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক পাওয়া যাবে না। |